দৈনিক বাংলা

তারিখ ... 14 MAR 1988 ...
পৃষ্ঠা ... 2 কলাম ... 3 ...

013

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তির সংশোধনী

### ১৯৮৭ সনের আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির যোগ্যতা ঃ

মাদ্রাসা বোর্ডের ১৯৮৭ সনের আলিম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র ছাত্রিগণ অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে ১৯৮৫ সনের দাখিল ও ১৯৮৭ সনের আলিম উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। দাখিল পরীক্ষায় ৩য় বিভাগ এবং আলিম পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্ত প্রার্থিগণও আবেদন করতে পারবে।

ফাজিল (বিজ্ঞান) ও ফাজিল (মানবিক) শাখায় প্রার্থী-দের আবেদন করার ক্ষেত্রে অন্যান্য যে সকল শর্ত এবং অন্যান্য নিয়ম ইতিপূর্বে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে ঐ একই নিয়ম ও শর্ত আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ সম্পর্কিত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে জানা যাবে।

### 'ঘ'-ইউনিটে আবেদন করার যোগ্যতার সংশোধনী ঃ

উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) শাখার যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধীত ঐচ্ছিক বিষয়সমূহ বাদ দিয়ে অন্য বিষয়ে/বিভাগে সংরক্ষিত আসনে ভর্তির জন্য 'ঘ'-ইউনিটের মাধ্যমে প্রতিযোগিতা করতে ইচ্ছুক তাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বমোট ১১০০ নম্বর পেতে হবে। ইতিপূর্বে সর্বমোট নম্বর ১১৫০ ধার্য করা হয়েছিল। 'ঘ'-ইউনিটে আবেদন করার ক্ষেত্রে অন্যান্য শর্তসমূহ পূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী ঠিক থাকবে।

### বিভিন্ন ইউনিটে ভর্তি পরীক্ষার তারিখ ঃ

| | তারিখ | সময় |
|---|---|---|
| 'ক'-ইউনিট — | ৮-৪-১৯৮৮ | সকাল ৯টা হতে দুপুর ১২টা পর্যন্ত। |
| 'খ'-ইউনিট — | ১৩-৪-১৯৮৮ | —ঐ— |
| 'গ'-ইউনিট — | ১১-৪-১৯৮৮ | —ঐ— |
| 'ঘ'-ইউনিট — | ১৫-৪-১৯৮৮ | —ঐ— |

উপ-রেজিস্ট্রার (শিক্ষা),
ঢাকা বিশ্ববিদ্যালয়।

জি—১১৬৭